

তথ্য কমিশনে ২২/১১/২০১৭ তারিখের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ১০টি অভিযোগের শুনানীশেষে ০৬টি অভিযোগের নিষ্পত্তি করা হয় এবং ০৪ টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয় ।

শুনানীতে অংশ নেন প্রধান তথ্য কমিশনার অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান এবং তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক, নোয়াখালী পুলিশ ট্রেনিং সেন্টারের কমান্ড্যান্ট (এসপি) এর বিরুদ্ধে ০২ টি অভিযোগ, ভোলা পুলিশ সুপার কার্যালয়ের পুলিশ সুপার, যশোর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের অডিট অফিসার এবং বরিশাল পুলিশ সুপার কার্যালয়ের পুলিশ সুপারের বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়।

অন্যদিকে বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি এর ভোলা কার্যালয়ের সহকারি পরিচালক, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তরের পরিচালক (জনসংযোগ), বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি এর পিরোজপুর ও ঝালকাঠি সার্কেলের সহকারি পরিচালক এবং ঢাকা জেলা প্রশাসক কার্যালয়ের সহকারি কমিশনারের বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়।

স্বাক্ষরিত/-

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কশিমন

ফোন-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd